

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১৪

তারিখ: ২০ আষাঢ়.১৪২৮

০৪ জুলাই ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ০৪.০৭.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০৪ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, রাজশাহী, বগুড়া, পাবনা, টাঙ্গাইল, ময়মনসিংহ ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

০৪ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক

অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট, বরিশাল ও খুলনা বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্ত ভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.৫	৩২.৫	৩২.৪	৩২.৭	৩৬.০	৩১.০	৩৫.০	৩৩.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৬.০	২৪.২	২৫.৪	২৫.৫	২৪.৩	২৫.৫	২৬.১

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৬.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজশাহী ২৪.২° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘণ্টায় হ্রাস পেতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, সিকিম, আসাম ও মেঘালয় প্রদেশের স্থানসমূহে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেয়ে কতিপয় স্থানে আকস্মিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ২০ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/০৪ জুলাই ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
ডালিয়া	১৪৩.০	জামালপুর	১০০.০	রাজশাহী	১০০.০
ফরিদপুর	৯৬.০	কুমিল্লা	৭০.০	ময়মনসিংহ	৬৮.০

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
চেরাপুঞ্জি	২৮০.০	শিলং	৪৬.০	ধুবরি	৩৭.০

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৫৮	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি)
হ্রাস	৩৮	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৪	বিপদসীমার উপরে	০

অতিবর্ষণ এবং উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতিঃ

১। ময়মনসিংহঃ জেলা প্রশাসক, ময়মনসিংহ এর দেয়া তথ্য মতে, জেলার ধোবাউড়া উপজেলায় ০৫ টি ইউনিয়ন (দক্ষিণ মাইজপাড়া, গামারীতলা, ধোবাউড়া, পোড়াকান্দুলিয়া ও ঘোষগাঁও) এবং হালুয়াঘাট উপজেলায় ১১ টি ইউনিয়নে (ভূবনকুড়া, জুগলী, কৈচাপুর, হালুয়াঘাট, গাজিরভিটা, বিলডোরা, শাকুয়াই, নড়াইল, ধারা, ধরাইল ও আমতৈল) পানি বৃদ্ধি পেয়ে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছিল। নদ-নদীর পানি বৃদ্ধির ফলে হালুয়াঘাট উপজেলায় ৫,৩০০ টি ও ধোবাউড়া উপজেলায় ১৭,৫০০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছিল মর্মে তথ্য পাওয়া যায়। অদ্য জেলা প্রশাসক, ময়মনসিংহ এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ এর সাথে টেলিফোনিক তথ্যে জানা যায় যে, হালুয়াঘাটা উপজেলায় বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। হালুয়াঘাটা উপজেলায় আশ্রয়কেন্দ্রে অবস্থানকারী ৪১ টি পরিবার তাদের নিজস্ব আবাসে ফিরে গেছে। ধোবাউড়া উপজেলায় বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে। মানুষজন নিজ বাড়িতে ফিরে যাচ্ছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে মানবিক সহায়তা হিসেবে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে তাৎক্ষণিকভাবে বিতরণের নিমিত্ত প্রতি উপজেলায় ০৫ (পাঁচ) মে:টন করে মোট ১০ (দশ) মে:টন জিআর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়াও জেলা প্রশাসক, ময়মনসিংহ এবং উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ স্থানীয়ভাবে অন্যান্য সহায়তা প্রদান করছেন।

২। ফেনীঃ জেলা প্রশাসক থেকে প্রাপ্ত তথ্য মতে, গত ১ জুলাই ২০২১ তারিখ ফেনী জেলায় ফুলগাজী ও পরশুরাম উপজেলার মহরী নদীর বাঁধের ০২ টি স্থানে ভাঙনের সৃষ্টি হয়। এতে ৫টি গ্রামে ৫০০ টি পরিবার বন্যায় প্লাবিত হয়েছে। প্লাবিত এলাকায় ৫০০ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। এবং পরশুরাম উপজেলার বঙ্গমাহমুদ ইউনিয়নের অন্তর্গত সাতকুচিয়া গ্রামে কহুয়া নদীর বাঁধভেঙ্গে ৭০ টি পরিবার বন্যায় প্লাবিত হয়েছে। প্লাবিত এলাকায় ৭০ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। বর্তমানে বন্যা পরিস্থিতি স্বাভাবিক।

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০২ জুলাই ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৩ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	২	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	চট্টগ্রাম	১	০	০
৭।	খুলনা	১	০	০
৮।	রংপুর	০	০	০
	মোট	৭	০	০



৪-৭-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১৪/১(১৭১)

তারিখ: ২০ আষাঢ়.১৪২৮
০৪ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৪-৭-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা